

০৪/৩/২০

ক্র. নং	তারিখ	প্রশাসনিক
১	১৪/০৩/২০২৩	প্রধান সহ
২	১৪/০৩/২০২৩	স্টেনো টাইপ
৩	১৪/০৩/২০২৩	অফিস সহ
৪	১৪/০৩/২০২৩	অফিস সহ
৫	১৪/০৩/২০২৩	অফিস সহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

০৪/৩/২০
১৪/০৩/২০২৩

স্মারক নং: ১২.১০.০০০০.০০৪.১৭.০৫৪.১২/

তারিখ: ১৪/০৩/২০২৩ খ্রি:

বিষয়: বিগত ১৩/০৩/২০২৩ খ্রি. তারিখের 'দৈনিক ইন্তেফাক' পত্রিকায় প্রকাশিত 'এ সপ্তাহেই দেশব্যাপী কালবৈশাখীর শঙ্কা, রবিশস্য তুলে ফেলার পরামর্শ' শীর্ষক সংবাদের বিষয়ে পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত।

উর্পযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিগত ১৩/০৩/২০২৩ খ্রি. তারিখের 'দৈনিক ইন্তেফাক' পত্রিকায় প্রকাশিত 'এ সপ্তাহেই দেশব্যাপী কালবৈশাখীর শঙ্কা, রবিশস্য তুলে ফেলার পরামর্শ' শীর্ষক সংবাদের প্রেক্ষিতে আগামী ১৫ মার্চ থেকে ১৯ মার্চের মধ্যে দেশব্যাপী শক্তিশালী কালবৈশাখীর আশঙ্কার কথা জানিয়েছেন আবহাওয়া বিশেষজ্ঞরা। এই সময়ের ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। ফসলের সম্ভাব্য ক্ষয়ক্ষতি এড়ানোর লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করার জন্য দিক নির্দেশনা প্রদান করা হলো:

- ১। যে সমস্ত ফসল পরিপক্ব ও কর্তনযোগ্য সেসব ফসল দ্রুত সংগ্রহ করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে কৃষকদের পরামর্শ প্রদান।
- ২। আম, পেয়ারা, পেপেঁসহ অন্যান্য ফলসমূহ গাছে খুঁটি দিয়ে শক্ত করে বেঁধে দেয়ার পরামর্শ প্রদান।
- ৩। আবহাওয়া দপ্তরের পরামর্শ অনুযায়ী শিলাবৃষ্টি ও বজ্রপাতের সময় নিরাপদ স্থানে অবস্থান এবং ঘরের বাহিরে না যাওয়া।
- ৪। দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতি হলে তার তাৎক্ষণিক রিপোর্ট উর্ধ্বতন কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে এবং দুর্যোগকালে সকলকে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করতে হবে।
- ৫। উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে কৃষকদের আগামী ১৫ মার্চ থেকে ১৯ মার্চের মধ্যে কালবৈশাখীর আশঙ্কার সর্বকর্তামূলক তথ্য মাঠে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা এবং সে অনুযায়ী প্রস্তুত থাকা।
- ৬। বৃষ্টিপাত হলে সেচ যন্ত্রের ব্যবহার বন্ধ রাখতে হবে।

সংযুক্ত: পেপার কাটিং (অনুলিপি সহ)-০১(এক) পাতা।

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর----- (সকল) অঞ্চল। (সকল জেলা ও উপজেলা পর্যায়ে উল্লেখিত নির্দেশনাসমূহ প্রেরণের অনুরোধ সহ)

০৪/৩/২০
১৪/০৩/২০২৩
(মোঃ তাজুল ইসলাম পাটোয়ারী)
পরিচালক

ফোন: ৫৫০২৮২৭০

ই-মেইল: dfsu@dae.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট।
www.dae.sylhetdiv.gov.bd

স্মারক নং- ১২.১০.০০০০.০৪১.১৬.০২৬.১৬/০৫৬(৫)
অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :-

০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/ সুনামগঞ্জ। পত্রের মর্মান্বয়ী বর্ণিত বিষয়ের আলোকে আপনার আওতাধীন সকল উপজেলায় জরুরী ভিত্তিতে উল্লেখিত নির্দেশনাসমূহসহ সতর্কতামূলক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ: ১৪/০৩/২০২৩ খ্রি:

০৪/৩/২০
১৪/০৩/২০২৩
মোঃ মোশিরুফ হোসেন খান
অতিরিক্ত পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট।